/

# শারদীয় দুর্গাপূজা-২০২২ উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আব্দুল জলিল<br>জেলা প্রশাসক, রাজশাহী |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| সময় | : | সকাল - ১০.০০ ঘটিকা |
| তারিখ | : | ১৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. |

(উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট-ক)

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে আসন্ন শারদীয় দুর্গাপূজার অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভার প্রারম্ভে ধর্মবিষয়ক মন্ত্রণালয়, সংস্থা-১ শাখার ৪ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৩৭৫ নং পত্রটি উপস্থাপন ও পাঠ করে শোনানো হয়। উক্ত পত্রের কতিপয় নির্দেশনা মোতাবেক বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। এ বছর ০১.১০.২০২২ খ্রি. তারিখ হতে শারদীয় দুর্গোৎসব আরম্ভ হয়ে ০৫.১০.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত রাজশাহী জেলায় মোট- ৪৫৩ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপন হবে। জেলা ও উপজেলা পর্যায়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে সুষ্ঠু ও নিরাপদ পরিবেশে শারদীয় দুর্গাপূজা সম্পন্নের লক্ষ্যে আলোচ্যসূচি অনুযায়ী সকলের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। উপস্থিত সদস্যগণ পর্যায়ক্রমে নিম্নোক্ত মতামত উপস্থাপন করেন।

০২। তানোর উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি সবাইকে শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা জানিয়ে বলেন যে, অত্র উপজেলায় সবসময়ই যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে পূজা হয়ে আসছে। তারা পূজা উদযাপনের জন্য সার্বিক প্রস্তুতি সম্পন্ন করেছেন। তিনি ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত র‍্যাব ও আইন শৃঙ্খলা বাহিনীর টহল অব্যাহত রাখার অনুরোধ করেন।

০৩। বাগমারা উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি বলেন যে, উপমহাদেশে দুর্গাপূজার উৎপত্তিস্থল বাগামারার তাহেরপুরে গোবিন্দ মন্দিরে। তাই স্বাভাবিকভাবেই এখানে প্রচুর জনসমাগম ঘটে থাকে। প্রতিটি মন্দিরে স্থায়ীভাবে আইন শৃঙ্খলা বাহিনী সক্রিয় থাকার জন্য অনুরোধ করেন এবং তারা প্রশাসনের সহযোগিতা ও সমন্বয় বজায় রেখে পূজা উদযাপন করার প্রতিশ্রুতি দেন।

০৪। বাঘা উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি শারদীয় দুর্গোৎসবের শুভেচ্ছা জানিয়ে বলেন যে, গত বছর একটি শ্রেণি ফেসবুকে বিভিন্ন পোস্ট দিয়ে সনাতন ধর্মাবলম্বীদের উপর দোষ চাপিয়ে অনাকাঙ্খিত ঘটনার সৃষ্টি করে। তাই এ ব্যাপারে সকলকে সতর্ক থাকতে আহবান করেন। এছাড়া প্রয়োজনে ইসলামিক ফাউন্ডেশন, মাদ্রাসা কমিটি, মসজিদের ইমামদের নিয়ে আলোচনা করত মসজিদে নতুন কোন আগন্তুক আসলে প্রশাসনকে জানানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া অন্যান্য সকল উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতিগণ বলেন যে, তাদের উপজেলায় বিগত বছরে সুষ্ঠুভাবে পূজা উদযাপিত হয়েছে এবং এ বছরও বিগত বছরের ধারাবাহিকতায় সুষ্ঠু ও সুন্দরভাবে পূজা উদযাপন করার আশাবাদ ব্যক্ত করেন।

০৫। সাধারণ সম্পাদক, মহানগর হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, শারদীয় শুভেচ্ছা জানিয়ে বলেন যে, রাজশাহীর আবাসিক এলাকায় ৪টি পূজা মন্ডপ আছে। পূজা উদযাপন কমিটি পূর্বের জেলা প্রশাসক মহোদয়কে অনুরোধ করলে ২০১৯ সাল থেকে শহীদ ক্যাপ্টেন মনসুর আলী পার্কের সামনে অস্থায়ীভাবে তাদের জায়গা নির্ধারণ করে দেন, বর্তমানে সেখানেই পূজা চালিয়ে যাওয়ার অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানান। রাস্তার কাজ চলায় পূজা মন্ডপে ভক্তদের যাওয়া আসা অসুবিধা হচ্ছে। তাই পূজার আগে রাস্তা মেরামতের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

০৬। মহানগর পূজা উদযাপন পরিষদের সভাপতি শুভেচ্ছা জানিয়ে রাত ১২ টার পর গান না বাজানোর জন্য সকলকে অনুরোধ করেন। গত বছরের মতো টহল ফোর্স না দিয়ে এবার স্ট্যাটিক (স্থায়ী) ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করেন। তিনি পূজার ৫ দিন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার অনুরোধ জানান।

০৭। সাধারণ সম্পাদক, পূজা উদযাপন পরিষদ, রাজশাহী মহানগর বলেন যে, আগে শারদীয় দুর্গোৎসবে সাংস্কৃতিক সন্ধ্যা ও নাটক হতো, এখন স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সামান্য কিছু মন্ডপে আয়োজন করা হয়। তাহেরপুরে হাজার হাজার দর্শনার্থী আসেন, যার কারণে আইন শৃঙ্খলা বাহিনীও পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে হিমশিম খায়। প্রতিটি পূজার মন্ডপে আইন শৃঙ্খলা বাহিনী যাতে নিয়োজিত থাকেন সেজন্য বিশেষভাবে অনুরোধ করেন।

০৮। সাধারণ সম্পাদক, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, জেলা শাখা, রাজশাহী বলেন যে, সকলকেই সুন্দরভাবে ভাবগম্ভীর্যের মাধ্যমে পূজা উদযাপন করতে হবে। এছাড়া পূজায় মাদক সেবীদের চিহ্নিত করতে এলাকার চেয়ারম্যান ও চৌকিদারদেরকে সম্পৃক্ত করার জন্য অনুরোধ করেন। তিনি সকলকে শারদীয় দুর্গোৎসবের অগ্রীম শুভেচ্ছা জানান।

০৯। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, রাজশাহী মহানগর বলেন যে, রাজশাহীতে এযাবৎ শান্তিপূর্ণভাবে পূজা পালন হয়ে আসছে। এবারও সকলের সহযোগিতা কামনা করেন। বাংলাদেশের স্বাধীনতা বিরোধীরা বর্তমানে নিষিদ্ধ; তাই তারা বিভিন্ন অপকৌশল চালাচ্ছে। এবার তারা অন্য কৌশলে ষড়যন্ত্র করতে পারে। এদের চিহ্নিত করে প্রশাসনকে জানাতে অনুরোধ করেন। রাজশাহীতে ১ (এক)টি মাত্র পূজা বিসর্জন ঘাট। ঘাটটিকে স্থায়ীভাবে স্বীকৃতি দেয়ার পদক্ষেপ নিতে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন। রাজশাহীতে গত বছর রথযাত্রা চলাকালে চুরি, ছিনতাই এর ঘটনা ঘটে। তাই সাদা পোশাকে পুলিশের টহলের ব্যবস্থা করতে তিনি অনুরোধ জানান।

১০। ট্রাস্টি, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, রাজশাহী মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে, বাংলাদেশে সনাতন ধর্মাবলম্বীরা নিরাপদ। তিনি বলেন মা দুর্গা ধরাধামে আসেন শান্তির বার্তা নিয়ে। আমরা যেন ভালোভাবে দুর্গাপূজা পালন করতে পারি এটি আমাদের প্রাণের দাবী। তিনি বিভিন্ন জায়গায় পূজা মন্দিরের আশেপাশে অনেক স্থাপনা হয়েছে সেগুলো অপসারণের দাবী করেন।

১১। অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-৫, রাজশাহী বলেন যে, রাজশাহী মহানগরী ও উপজেলার প্রতিটি জায়গায় তাদের ফোর্স ইনটেলিজেন্স নিয়োজিত থাকবে। যেকোন উদ্ভূত পরিস্থিতি সৃষ্টি হলে তাদের টিম সেখানে তাৎক্ষণিকভাবে পৌঁছে যাবে। এছাড়া বিশেষ স্ট্রাইকিং ফোর্স প্রস্তুত থাকবে। এছাড়া তাদের কন্ট্রোলরুম পূজা চলাকালীন সার্বক্ষণিক চলমান থাকবে।

১২। সাব-ডিভিশনাল ইঞ্জিনিয়ার, নেসকো লিঃ, রাজশাহী বলেন যে, আমরা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ রাখার চেষ্ট করবো। কোন সমস্যা হলে বিদ্যুৎ বিভাগে তাৎক্ষণিক অভিযোগ শাখায় যোগাযোগ করা যেতে পারে মর্মে তিনি জানান।

১৩। জেনারেল ম্যানেজার, রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি বলেন যে, বিদ্যুৎ বিভ্রাট যেন না হয় সে বিষয়ে তার দপ্তর সর্বদা সচেষ্ট থাকবে। কোনো সমস্যা হলে অভিযোগ কেন্দ্রে অভিযোগ দিতে হবে। তিনি বিদ্যুৎ যেকোন জায়গা থেকে অবৈধভাবে নিতে নিষেধ করেন এবং মিটার থেকে বিদ্যুৎ সংযোগ নিতে পরামর্শ প্রদান করেন।

১৪। যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী বলেন যে, পূজার কমিটির অভ্যন্তরীণ দ্বন্দ্বের সূত্র ধরে যেনো কোনো বিশৃঙ্খলা না হয়। সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। সামাজিক মাধ্যমে কোন উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হলে আইন-শৃঙ্খলা বাহিনীকে বিষয়টি জানাতে অনুরোধ করেন। তিনি আইনশৃঙ্খলা বাহিনীকে পূর্বে যাদের নামে মামলা আছে তাদেরকে আইনের আওতায় নিয়ে আসতে অনুরোধ করেন।

১৫। জেলা কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্ব), আনসার ও ভিডিপি, রাজশাহী বলেন যে, গত বছরের মতো এবার মোবাইল ফোর্স বা অস্থায়ী আনসার থাকবে না। এ বছর স্থায়ীভাবে আনসার ফোর্স মোতায়েন করা হবে। তারা ৫ (পাঁচ) দিন ধরে গুরুত্বপূর্ণ মন্ডপে ৬ জন এবং অন্যান্য মন্ডপে ৪ জন করে আনসার সদস্য মোট ৪৫৩ টি মন্ডপেই থাকবে। তিনি সবাই মিলে-মিশে পূজা উদযাপন করার অনুরোধ করেন।

১৬। উপ-পুলিশ কমিশনার, নগর বিশেষ শাখা আরএমপি, রাজশাহী মহানগর পূজা উদযাপন কমিটির সেক্রেটারির কথা উল্লেখ করে বলেন, অনাকাঙ্খিত ঘটনা কোথায় কোথায় হতে পারে আমরা সে বিষয়ে নজর রেখেছি। গত বছরের ন্যায় এবারও উৎসবমুখর পরিবেশে শারদীয় দুর্গোৎসব উদযাপিত হবে। মহানগরীতে সিসি ক্যামেরা আছে এবং সেগুলো থেকে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হবে। তিনি প্রয়োজনে স্মার্ট ফোনে ভিডিও ধারণ করতে বলেন। তিনি পুলিশি টহল থাকবে, সাদা পোশাকেও পুলিশ থাকবে বলেও নিশ্চিত করেন। তিনি অভ্যন্তরীণ কোন সমস্যা থাকলে মিটিয়ে নেয়ার অনুরোধ জানান।

১৭। পুলিশ সুপার, রাজশাহী বলেন যে, তাদের পক্ষ থেকে নিরাপত্তার বিষয়টি প্রতি বছরের ন্যায় এবারো কঠোরভাবে নিশ্চিত করা হবে। তিনি ফেইসবুক ব্যবহারে সবাইকে অধিক সতর্ক থাকার আহবান করেন। এছাড়াও স্বেচ্ছাসেবকদের প্রত্যেক জনের ব্যাচ থাকতে হবে
এবং তাদের সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। লোকজন যারা পূজায় আসবেন তাদের পূজার ভিড়ে যেন কেউ চুরি, ছিনতাই এর কবলে না পড়ে সেদিকে সচেষ্ট থাকার পরামর্শ দেন। এছাড়া শুধুমাত্র আধিপত্য বিস্তারের কারণে পূজা মন্ডপের সংখ্যা বৃদ্ধি না করে সমন্বিত পূজা করা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। তাদের বাহিনী ইতোমধ্যে যেখানে প্রতিমা তৈরি হচ্ছে সেখানে টহল দিচ্ছে। যেকোনো পরিস্থিতিতে তাদের সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

১৮। সভাপতি কর্তৃক সিসি ক্যামেরা স্থাপনের উপর গুরুত্বারোপ করে প্রতিটি পূজা মন্ডপে অন্তত ১ (এক)টি মনিটর হলেও স্থাপন করার কথা জানানো হয়। এ বছর পূজার নিরাপত্তায় ৪ (চার) ধরনের বাহিনী পুলিশ, র‍্যাব, বিজিবি ও আনসার থাকবে বলে জানানো হয়। ভক্তিমূলক গান, আনন্দ উৎসব ও বাচ্চাদের আনন্দের ব্যবস্থা থাকার বিষয়টি ব্যক্ত করা হয়। বিদ্যুৎ পরিস্থিতি ভালো উল্লেখ করে সভাপতি কর্তৃক বিদ্যুৎ বিভ্রাট হবে না মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়। বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয় করে বিদ্যুৎ সংযোগ নেয়া বিষয়ে পরামর্শ প্রদান করা হয়, যেন কোন প্রকার দূর্ঘটনা না ঘটে। বাংলাদেশ স্বাধীন হয়েছে অসাম্প্রদায়িক চেতনার আদর্শে "ধর্ম যার যার উৎসব সবার" এই নীতির ভিত্তিতে আমরা কাজ করে যাচ্ছি মর্মে তিনি জানান। শুধু প্রশাসনের উপর ভরসা না করে যার যার নিজস্ব লোকবল নিয়োগ করে মন্ডপের নিরাপত্তা জোরদার করার অনুরোধ জানানো হয়।

১৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | পূজামন্ডপগুলোর সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিতকরণ | (ক) শারদীয় দুর্গাপূজা চলাকালীন পূজামন্ডপ ও পার্শ্ববর্তী এলাকায় মন্ডপভিত্তিক আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে। তবে, মোবাইল স্ট্রাইকিং ফোর্স হিসেবে তারা যথারীতি টহল দায়িত্ব পালন করবেন।<br>(খ) সীমান্ত এলাকায় স্থাপিত পূজামন্ডপসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিজিবিকে সতর্কতামূলক কার্যক্রম/পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(গ) প্রত্যেকটি পূজামন্ডপ এর ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিজ নিজ উদ্যোগে নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাচপরিহিত নিজস্ব স্বেচ্ছাসেবক দল নিয়োজিত করতে হবে।<br>(ঘ) বড় বড় পূজামন্ডপসমূহে র‍্যাব ও পুলিশের বিশেষ টহল এবং নজরদারির ব্যবস্থা করতে হবে।<br>(ঙ) পূজামন্ডপসমূহে সিসি ক্যামেরা, হ্যান্ড মেটাল ডিটেক্টর ও আর্চওয়ে স্থাপনের ব্যবস্থা রাখতে হবে। পূজামন্ডপে স্থাপিত সিসি ক্যামেরায় ধারণকৃত ভিডিও ফুটেজ রেকর্ড ও সংরক্ষণ করতে হবে।<br>(চ) পূজামন্ডপের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিয়োজিত আনসার সদস্য/নিরাপত্তা কর্মীরা স্ট্যাটিক (স্থায়ী) ফোর্স হিসেবে দায়িত্ব পালন করবে।<br>(ছ) প্রতিমা বিসর্জন এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখাসহ সংশ্লিষ্ট এলাকার সড়কে পর্যাপ্ত সড়ক বাতির ব্যবস্থা করতে হবে।<br>(জ) প্রতিমা বিসর্জনকালে কোন র‍্যালি বা শোভাযাত্রা করা যাবে না। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>পরিচালক, বিজিবি-১, রাজশাহী<br>অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী<br>উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী<br>সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন<br>কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী<br>সকল গোয়েন্দা সংস্থা, রাজশাহী<br>সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০২. | স্বেচ্ছা সেবক নিয়োজিতকরণ | সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি কর্তৃক পূজামন্ডপের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োজিত করার ব্যবস্থা করতে হবে। স্বেচ্ছাসেবকদের আবশ্যিকভাবে আর্ম-ব্যান্ড পরিধান ও পরিচিতি কার্ড গলায় ঝুলিয়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে নারী দর্শনার্থীদের দেহ তল্লাশির জন্য নারী স্বেচ্ছাসেবক নিয়োজিত করতে হবে। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী<br>সকল গোয়েন্দা সংস্থা, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৩. | পূজামন্ডপে আগত শিশু ও নারী দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণ | (ক) স্থানীয় বখাটে কর্তৃক পূজামন্ডপে আগত নারী ও শিশুদের উত্যক্ত করা, ইভটিজিং, মাদক সেবন ইত্যাদি রোধে প্রয়োজনীয় কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রতিটি পূজামন্ডপে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক প্রবেশ ও বাহির পথ রাখতে হবে।<br>(গ) পূজামন্ডপের আশে-পাশে ও প্রতিমা বিসর্জনের স্থানসমূহে কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে বা অনাকাঙ্খিত কোন ঘটনা ঘটলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পূজামন্ডপ কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করবেন। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী,<br>সকল গোয়েন্দা সংস্থা, রাজশাহী<br>উপপরিচালক<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | দুর্ঘটনারোধে ব্যবস্থা ও উদ্ধার কার্যক্রম গ্রহণ | (ক) পূজামণ্ডপে অগ্নিকাণ্ডসহ অন্যান্য যে কোন দুর্ঘটনারোধে সংশ্লিষ্ট সকলকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) বিজয়া দশমীর দিনে প্রতিমা বিসর্জনের স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ডুবুরি দল/নৌ-পুলিশকে প্রস্তুত রাখতে হবে। সন্ধা ০৬ (ছয়) টার মধ্যে বিসর্জন কার্যক্রম শেষ করার জন্য অনুরোধ করা হল।<br>(গ) পূজামণ্ডপ কর্তৃপক্ষকে প্রত্যেক পূজামণ্ডপে স্থানীয় প্রশাসন, থানা, পুলিশ ফাঁড়ি এবং ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর/মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে এবং উহা দৃশ্যমান ভাবে ঝুলিয়ে রাখতে হবে।<br>(ঘ) বিসর্জন স্থলে পর্যাপ্ত আলোর (জেনারেটর/হ্যাচাক লাইট ব্যবস্থা ও অগ্নি-নির্বাপক (Fire Extinguisher) ব্যবস্থা রাখতে হবে।যে কোন সমস্যায় ৩৩৩ অথবা ৯৯৯ নম্বরে ফোন করার জন্য অনুরোধ করা হল। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী,<br>সকল গোয়েন্দা সংস্থা, রাজাশাহী<br>সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন<br>সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৫. | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখা | (ক) শারদীয় দুর্গাপূজা চলাকালে সমগ্র জেলায় বিশেষ করে পূজামণ্ডপ এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নেসকোসহ বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।<br>(খ) বিদ্যুতের বিকল্প ব্যবস্থা হিসেবে পূজামণ্ডপ কর্তৃপক্ষকে নিজ নিজ পূজামন্ডপে জেনারেটর এর ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হল।<br>(গ) বিদ্যুতের ত্রুটিপূর্ণ সংযোগ থেকে বা অন্য কোন কারণে যেন কোন প্রকার অগ্নিকান্ড কিংবা দূর্ঘটনা ঘটতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্টদেরকে আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যুৎ সরবরাহকারী কর্তৃপক্ষের সহযোগিতা নিয়ে পূজামন্ডপগুলোতে বিদ্যুৎ সংযোগ নিতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল),<br>নেসকো, রাজশাহী<br>জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী<br>নাটোর-১,২<br>সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৬. | যানজট নিরসনে ব্যবস্থা গ্রহণ | (ক) দুর্গাপূজাকে কেন্দ্র করে পূজামন্ডপ এলাকায় যাতে যানজটের সৃষ্টি না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>(খ) পূজামন্ডপের আশেপাশে রাস্তার উপরে অবৈধ দোকান পাট এবং পার্কিং না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী<br>উপপরিচালক<br>স্থানীয় সরকার, রাজশাহী<br>সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৭. | দুর্গাপূজায় বিঘ্ন সৃষ্টিকারী ও দুষ্কৃতকারীদের অশুভ তৎপরতা রোধে ব্যবস্থা গ্রহণ | শারদীয় দুর্গাপূজায় বিঘ্ন সৃষ্টিকারী ও দুষ্কৃতকারীদের অশুভ তৎপরতা রোধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী<br>অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী<br>সকল গোয়েন্দা সংস্থা, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৮. | রাস্তাঘাট সংস্কার/মেরামত | পূজামন্ডপের আশেপাশের ডাস্টবিন, ড্রেন এবং প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহৃত সড়ক প্রয়োজনে মেরামত ও সংস্কার করতে হবে। | সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, সড়ক বিভাগ, রাজশাহী<br>উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, রাজশাহী |
| ০৯. | নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন | (ক) মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসক, রাজশাহী এর কার্যালয়, পুলিশ সুপার, রাজশাহী এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), অফিসার ইনচার্জ (সকল থানা) এর কার্যালয়ে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।<br>(খ) স্থানীয়ভাবে আইন-শৃঙ্খলার পরিস্থিতির অবনতি হলে তৎক্ষণাৎ অবহিত করতে হবে। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, সকল<br>উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী<br>নেজারত ডেপুটি কালেক্টর, রাজশাহী |

| | | | |
|---|---|---|---|
| ১০. | বিবিধ | (ক) পূজামন্ডপসহ প্রতিমা নির্মাণ এর স্থানগুলোতে নজরদারি বৃদ্ধির জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।<br>(খ) সন্ধ্যায় পাড়া ও মহল্লায় শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠান চলাকালে ভীড় ও অনাকাঙ্খিত পরিস্থিতি এড়ানোর জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অতিরিক্ত টহলের ব্যবস্থা করতে হবে।<br>(গ) নিরাপত্তার স্বার্থে সহজে যাতায়াত করা যায় এমন স্থানে পূজামন্ডপ স্থাপন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>(ঘ) আযান ও নামাজের সময়ে মসজিদের পার্শ্ববর্তী পূজামন্ডপগুলোতে পূজাচলাকালে এবং বিসর্জনকালে শব্দযন্ত্রের ব্যবহার সীমিত রাখা ও উচ্চস্বরে শব্দযন্ত্র ব্যবহার না করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>(ঙ) ভক্তিমূলক সংগীত ব্যতীত অন্য সংগীত বাজানো থেকে বিরত থাকা এবং মন্দির/পূজামন্ডপে প্রয়োজনাতিরিক্ত দীর্ঘসময় অবস্থান না করার বিষয়ে সংশ্লিষ্ট মন্দির কমিটি ব্যবস্থা গ্রহণ করবে।<br>(চ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ গণমাধ্যমসমূহে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য পূজা উদযাপন কমিটির প্রতিনিধিসহ সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | পুলিশ কমিশনার<br>রাজশাহী মেট্রোপলিটন পুলিশ,<br>পুলিশ সুপার, রাজশাহী,<br>কমান্ড্যান্ট<br>আনসার ও ভিডিপি, রাজশাহী<br>পরিচালক<br>ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী<br>উপপরিচালক,<br>তথ্য ও গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী<br>সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি,রাজশাহী |

২০. পরিশেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে আসন্ন শারদীয় দুর্গোৎসবের অগ্রীম শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন নং-০২৫৮৮৮-৫৭০৫০ (অফিস)
email: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৫.০০৩.২২-৯৭৭

তারিখ : ০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. পুলিশ উপ-মহা পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
৭. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৮. অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী
৯. পুলিশ সুপার, রাজশাহী
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
১২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
১৩. পরিচালক, বিজিবি-১, রাজশাহী
১৪. নির্বাহী প্রকৌশলী, নেসকো -১,২,৩,৪ ও ৫, রাজশাহী
১৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী।
১৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শি: ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
১৭. উপজেলা নির্বাহী অফিসার, (পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/বাগমারা/দুর্গাপুর/পুঠিয়া/বাঘা/চারঘাট, রাজশাহী
১৮. অফিসার ইনচার্জ....................................থানা (সকল), রাজশাহী
১৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা (ওয়েব পোর্টালে আপলোডের জন্য)
২০. জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী
২১. জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর- ১,২
২২. সম্মানিত ট্রাস্টি, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, রাজশাহী
২৩. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ, জেলা/মহানগর, রাজশাহী
২৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, জেলা/মহানগর, রাজশাহী

১৯/৯/২২

জেলা প্রশাসক
রাজশাহী

অনুলিপি কার্যার্থে:

--------------------------------------------------
--------------------------------------------------
--------------------------------------------------
--------------------------------------------------